ঝিনাইদহ প্রেসিডেন্সি স্কুলে বার্ষিক ক্রীড়া ও পুরষ্কার বিতরণী

ঝিনাইদহ প্রেসিডেন্সি স্কুল এন্ড ক্যাডেট কেয়ার প্রতিষ্ঠানে বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার দিনব্যাপী এই অনুষ্ঠান শেষে বিকালে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আব্দুর রউফ ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ও সিনিয়র সাংবাদিক মোঃ শাহানুর আলম, এছাড়া বিশেষ অতিথি হিসেবে কলেজ শিক্ষক মোত্তাহিদুল ইসলাম নান্নু, প্রতিষ্ঠানের সহকারী প্রধান শিক্ষক সঞ্জয় কুমার বিশ্বাসসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ইমদাদুল হক মিলন এবং সঞ্চালনায় ছিলেন, সহকারী শিক্ষিকা রত্না বিশ্বাস।

বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান নিয়ে বিদ্যালয়ের শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীরা আনন্দঘণ একটি দিন অতিবাহিত করেন।

গাংনী জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে সনদপত্র ও পুরষ্কার বিতরণ

জাতীয় শিক্ষা সপ্তাহ -২০২২ এর সনদপত্র ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকালে উপজেলা প্রশাসন ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজিত হয়।

অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম এর সভাপতিত্বে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আল মাসুমের এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার মেয়র আহমেদ আলী।অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও জাতীয় শিক্ষা সপ্তাহ উৎযাপন কমিটির সদস্য সচিব মীর হাবিবুল বাসার ।

অনুষ্ঠানে বিভিন্ন ক্যাটাগরিতে নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান, শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক ও ছাত্রছাত্রীদের ক্রেষ্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়।

অনুষ্ঠানে উপজেলা শিক্ষা অফিসের কর্মকর্তাগণ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ,শিক্ষক ও ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষরোপন সমাপনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত

“বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ” এই প্রতিপাদ্যে চুয়াডাঙ্গায় সপ্তাহব্যাপী বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষমেলার সমাপনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদে বুধবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরিন এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, জেলা প্রশাসন ও সামাজিক বনবিভাগের যৌথ

উদ্যোগে এবারের বৃক্ষমেলায় সকলের অংশগ্রহণ সত্যি প্রশংসনীয়। এবারের মেলায় ছাত্রছাত্রী, মহিলা, শিশু এবং সকলের অংশগ্রহণ মেলা সফল ও স্বার্থকতায় পরিপূর্ণতায় রুপ দিয়েছে।

দীর্ঘ করোনাকালীন প্রায় ৩ বছর বৃক্ষমেলা বন্ধ থাকায় এবারের মেলায় পর্যাপ্ত চারা বিক্রি হয়েছে। মেলা সফল ও স্বার্থকতায় রুপ দেওয়ায় তিনি বনবিভাগের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। সমাপনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরিন বলেন, বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ” এ শ্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও সামাজিক বন বিভাগের যৌথ উদ্যোগে বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষ মেলা আজকে সম্পন্ন হয়েছে।

মেলার শুরু থেকে শেষ পর্যন্ত সকলে সহযোগিতা করায় সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। উক্ত সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবু তারেক, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিভাস চন্দ্র সাহা, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া সহ চুয়াডাঙ্গা সামাজিক বনবিভাগের কর্মকর্তা বৃন্দ ও উক্ত মেলায় অংশগ্রহণকারী বিভিন্ন স্থান থেকে আগত নার্সারির মালিকবৃন্দ। উক্ত সমাপনী অনুষ্ঠানে সকল স্টল মালিকদের হাতে ক্রেষ্ট পুরষ্কার বিতরণ করা হয়।